দৈনিক ইনকিলাব

তারিখ 04 NOV 1993
পৃষ্ঠা ৭ কলাম ৮

28

আইসিপি সম্মেলন

# মাদ্রাসা শিক্ষার প্রতি সকল বৈষম্যনীতি পরিহারের দাবী

মাদ্রাসা শিক্ষার প্রতি সকল বৈষম্য নীতি পরিহার করার দাবী জানিয়ে গত মঙ্গলবার বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি) সিরাজগঞ্জ জেলা শাখার সম্মেলন, উল্লাপাড়া সিঃ মাদ্রাসায় অনুষ্ঠিত হয়। মাদ্রাসার অধ্যক্ষ জনাব মাওলানা আবু তাহের-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি জনাব মোঃ তেলাওয়াত হোসেন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ইলিয়াস মুফতি, আরও উপস্থিত ছিলেন বিভিন্ন মাদরাসার অধ্যক্ষগণ।

প্রধান অতিথির বক্তব্যে জনাব তেলাওয়াত হোসেন খান বলেন, মুসলিম শাসন আমলে একমাত্র শিক্ষা ব্যবস্থা মাদ্রাসা শিক্ষা হলেও খোদাদ্রোহীদের ভ্রান্ত নীতির কারণে বৃটিশ শাসন আমলে এ শিক্ষা ব্যবস্থাকে কলুষিত করার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা চালান হয়। কিন্তু মুসলিম বিপ্লবী জনতার বলিষ্ঠ পদক্ষেপের পরিপ্রেক্ষিতে বর্তমান মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা একটি যুগোপযোগী শিক্ষা ব্যবস্থায় পরিণত হওয়ার ক্রান্তিলগ্নে ইসলামী বিদ্বেষী কিছু কুচক্রী মহলের কারণে বাস্তবে রূপ নেয়ায় প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছে। তাই এ মুহূর্তে মাদ্রাসা ছাত্র-শিক্ষককে আর বসে থাকলে চলবে না। তাদেরকে অনতিবিলম্বে ঐক্যবদ্ধভাবে এর প্রতিকারে ঝাঁপিয়ে পড়তে হবে।

বিশেষ অতিথির ভাষণে জনাব ইলিয়াস মুফতি মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার প্রতি সরকারের বিমাতা সুলভ আচরণ ও বৈষম্য নীতির বর্তমান করুণ চিত্র তুলে ধরে বলেন মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার স্বার্থে সকল এবতেদায়ী মাদ্রাসাকে অনুদান প্রদান, সকল চাকরি ক্ষেত্রে মাদ্রাসা ছাত্র-ছাত্রীদেরকে সমমানের ভিত্তিতে নিয়োগ দান, পাঁচ বিভাগে পাঁচটি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা, সরকারীভাবে মাদ্রাসা ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান, জেলা শহরে বিশেষ বিশেষ মাদ্রাসা জাতীয়করণ করাসহ কোরআন হাদিসের উপরে অনার্স চালু করা, বিসিএস-এ অংশগ্রহণে সুযোগ দেয়া, ফাজিলকে, ডিগ্রী সমমান দিয়ে এবং কামিলকে মাস্টার্সের সমমান দেয়ার দাবী জানান।

সভাপতির ভাষণে অধ্যক্ষ আবু তাহের বলেন, মাদ্রাসা ছাত্ররা অসচেতনতার কারণেই তাদের দাবী-দাওয়া আদায় হচ্ছে না। ইসলামী ছাত্র পরিষদ একটি অরাজনৈতিক মাদ্রাসা ছাত্র কল্যাণ সংগঠন। বক্তারা তার পতাকা তলে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার আহবান জানান।

সম্মেলনে মোঃ রওশন আলমকে আহবায়ক এবং আবদুল্লাহ মাসুমকে যুগ্ম আহবায়ক করে ১১ সদস্য বিশিষ্ট সিরাজগঞ্জ জেলা শাখা আহবায়ক কমিটি ঘোষণা করা হয়। প্রেস বিজ্ঞপ্তি।